I 3892 — 150 Rs.

INDIA NON JUDICIAL

१५० रू. — Rs 150

भारत

एक सौ पचास रुपया — ONE HUNDRED & FIFTY RUPEES

INDIA WEST BENGAL 10 P

Certified under Regn. Rule 21 and also u/s 5 of the West Bengal I. R. Act 1938 duly stamped under the Indian Stamp Act 1899 as amended in 1964. Schedule Art No. 23 Process Fee 1.50 Paid in C. F. S.

Fee Paid

55.50
1.50
57/-

ADDL. DIST. SUB-REGISTRAR
ALIPORE
18.7.73

সাফ বিক্রয় কোবালা গ্রহিতা –

শ্রীমতি মিনার্ভা বিশ্বাস
স্বামী শ্রী ননী গোপাল বিশ্বাস
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী,
সাং এ-১৯সি, আই টি, বিলডিংস,
৩০নং মদন চ্যাটার্জি লেন,
কলিকাতা, কলিকাতা-৭

সাফ বিক্রয়কোবালা দাতা –

শ্রী নীল রতন সেন
পিতা ৺ যোগেন্দ্র নাথ সেন,
জাতি হিন্দু, পেশা চাকুরী –
সাং ১০৮।এন, নং মনোহরপুকুর রোড,
থানা টালিগঞ্জ, জেলা ২৪ পরগণা। –

মং ৯০০০. নয় হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা। –

কস্য আমার খরিদা শালি জমি সম্পূর্ণ নির্দায় নির্দোষ ও খাস অবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে, –

জেলা ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ, হাল যাদবপুরের এলেকাধিন –

150 Rs.

INDIA NON JUDICIAL

१५०रु.

Rs 150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

২

এলেকাধিন সাবরেজেষ্ট্রী আলিপুরের অন্তর্গত কশবা ঢাকুরিয়া অঞ্চল পঞ্চায়েতের

এলেকাভুক্ত জেঃএলঃনং ১৩, মৌজা কশবা গ্রামে হাল মালিক পশ্চিম বঙ্গ -

সরকার পক্ষে জেলা ২৪পরগণার কালেকটারের অধিনে রায়ত স্থিতিবান স্বত্বের

৪৩০নং খতিয়ানের অন্তর্গত ০৪৩ শতক জমির কাত বার্ষিক খাজনা ৩৲ তিন টাকা

জমিজমার ষোল আনার মালেক যোগেন্দ্র নাথ খাঁ থাকেন এবং গত ডিষ্ট্রিক্ট

সেটেলমেনেট উক্ত জমি তাহার নামে খাসে রেকর্ড হয়। তিনি এক পুত্র পরে

চন্দ্র খাঁ স্ত্রী মিনবালা দাসী ও তিন কন্যা শ্রীমতি পদ্মমনি মণ্ডল, রেণুকা মণ্

নাবালিকা শ্রীমতি লক্ষী খাঁকে ওয়ারেশ রাখিয়া পরলোক গমন করেন এবং উ

20Rs.

बीस रुपया

२०रु.

भारत

INDIA

TWENTY RUPEES

20RS



উক্ত সম্পত্তিতে উক্ত যোগেন্দ্র নাথ খাঁর ,স্ত্রী পুত্র ও কন্যাগণের প্রত্যেকের $\frac{১}{৫}$ রকম অংশ হয় । উক্ত সম্পত্তির মধ্যে উক্ত যোগেন্দ্র নাথ খাঁর স্ত্রী শ্রীমতি নিরবালা দাসী , পুত্র পরেশ চন্দ্র খাঁ ও ২টি কন্যা শ্রীমতি পদ্মমনি মণ্ডল ও শ্রীমতি রেণুকা মণ্ডল উক্ত জমিজমাতে তাহাদের অবিভক্ত $\frac{৪}{৫}$ রকম অংশের জমি জমার মধ্যে ।।৩, তের কাঠা দুই স্কোয়ার ফিট জমির মধ্যে $\frac{৪}{৫}$ রকম অংশ সন ১৩৭৫সালের ২৫শে ফালগুণ ইং ৯।৩।৬৪তারিখে রেজেস্ট্রীযুক্ত সাফ বিক্রয়কোবালা মূলে আমাকে বিক্রয় করিয়া নিঃস্বত্ত্ব হয়েন ও উহা আমার খাসদখলে দেন এবং আমার উক্ত খরিদা জমির উক্ত দলিলের সহিত সংলগ্ন প্ল্যানে লাল রেখার দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত করা আছে । আমার উক্ত খরিদা কোবালা আলিপুর সাবরেজেস্ট্রী অফিসে সন ১৯৬৪সালের ১নং বহি ২২নং ভলিউম ২২২হইতে ২২৭ পৃষ্ঠায় ১৬৭৩ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে । উক্ত জমির অপর ১/৫ রকম অং

4 RS

INDIA

चार रुपया

चार रुपया

FOUR RUPEES भारत FOUR RUPEES



অংশের মালেক তৎকালে নাবালিকা শ্রীমতি লক্ষী খাঁ থাকায় তৎপক্ষে জাহার - মাতা শ্রীমতি নিন বালা দাসী উক্ত ।।৩,২ তের কাঠা দুই স্কোয়ার ফিট - জমিতে উক্ত নাবালিকার ১/৫ রকম অংশ নাবালিকার হিতার্থে সন ১৩৭১সালের ১৪ই আশ্বিন ইং ৩০।৯।৬৪ তারিখে রেজেস্ট্রীযুক্ত সাফ বিক্রয় কোবালা - মূলে আমাকে বিক্রয় করিয়া নিঃসত্ত্ব হয়েন ও উহা আমার খাসদখলে দেন। উক্ত বিক্রয় কোবালা আলিপুর সাবরেজেস্ট্রী অফিসে সন ১৯৬৪সালের ১নং বহি ১২৭ নং ভলিউম ২৩০হইতে ২৩৪ পৃষ্ঠায় ৭৬৭৩নং দলিল রূপে লিপিবদ্ধ - আছে। উক্ত নাবালিকা শ্রীমতি লক্ষী খাঁ সাবালিকা হইয়া যদি ভবিষ্যতে - ঐ ১/৫ রকম অংশদাবী করে তজ্জন্য উক্ত যোগেন্দ্র নাথ খাঁ অপর ওয়ারেশ নিন বালা দাসী, পরেশ চন্দ্র খাঁ, শ্রীমতি পদ্মমনি মণ্ডল ও শ্রীমতি রেণুকা মণ্ডল তাহাদের মৌজা কসবা গ্রামের ৬৯৩নং খতিয়ানের অন্তর্গত ৩২৭৪নং দাগের বাগান ৪২শতক-

শতক জমির মধ্যে ৴৩ তিনকাঠা জমি আমার নাম বরাবর ইং ৩০।৯।৬৪তারিখে
একটি ইনডেমনিটি বণ্ড সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দেন। উক্তদলিল -
আলিপুর সাবরেজেষ্ট্রী অফিসে সন ১৯৬৪সালের ১নংবহি ১৫২নং ভলিউম -৬৩হইতে
৬৭ পাতায় ৭৬৭৪নং দলিলরূপে লিপিবদ্ধআছে ।আমি যোগেন্দ্র নাথ খাঁর সকল -
ওয়ারেশগণের নিকট হইতে দুইটি পৃথক সাফ বিক্রয় কোবালা মূলে উক্ত ও নিম্নের
তপশীলের বর্ণিত ও চৌহদ্দিস্হিত এবং এতদ সংলগ্ন নক্সার লাল রেখার দ্বারা -
সীমাবদ্ধ ও বেষ্টিত ৷৷৩ ,২ তের কাঠাদুই স্কোয়ার ফুটজমির ষোল আনার -
মালেক হইয়া খাসে দখলিকার আছি। আমি আমার খরিদা উপরোক্ত জমি
সম্পূর্ণ নির্দায় ওনির্দোষ ও খাস অবস্হায় বিক্রয় করিবারঘোষণা করিলে -
আপনি তাহা সর্বোচ্চ বাজার মূল্য বেলমোক্তা ৯০০০_নয় হাজার টাকা পনে
খরিদ করিতে সম্মত হইলে আমি তাহাতে স্বীকৃত হইয়া পনের সমুদয় টাকা -
নিম্নেরজায়মত আপনার নিকট হইতে নগদ বুঝিয়া পাইয়া ও এতদ্বারা তাহার
প্রাপ্তি স্বীকারে উক্ত ও নিম্ন তপশীলের বর্ণিত ও এতদ সংলগ্ন নক্সার লাল রেখার
দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত ৷৷৩,২ তের কাঠা দুই স্কোয়ার ফিট জমি সম্পূর্ণ -
নির্দায় নির্দোষ ও খাস অবস্হায় অত্র সাফবিক্রয়কোবালা মূলে ৯০০০_নয় হাজার
টাকা পনে আপনাকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে এককালীন নিঃস্বত্ব -
হইলাম ও উহাতে আপনাকে অদ্যই খাসদখল দিলাম। অদ্য হইতে উক্তসম্পত্তিতে
আমার যে কিছু স্বত্ব লভ্য হক অধিকার দাবী দাওয়া ছিল তাহা আমার হইতে
সম্পূর্ণরূপে বিলুপ্ত হইয়া আপনাতে বর্তিল।আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্ব
স্বত্ববতী ভোগবতী ও দখলকারিনী হইয়া দান বিক্রয়বন্ধক ও যাবতীয় হস্তান্তর ও

ও রূপান্তির করনের মালেক হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে পরমসুখে ভোগদখল করিতে থাকুন তাহাতে কস্মিনকালে আমি বা আমার ওয়ারেশ স্থলবর্তীগণ কোনওরূপ ওজরআপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা - পারিবে না এবং করিলেও তাহা সর্বত্র বাতিল ও নামঞ্জুর হইবেক। আমি - এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে উক্তসম্পত্তি আমি খরিদাবধি কাহাকেও দান বিক্রয় বন্ধক ও কোনরূপে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা করা নাই বা উহা কোন দেবসেবা সমর্পিত হয় নাই বা উহা কালেকটার কর্তৃক গৃহিত হয় নাই - বা হইবার জন্য কোন নোটিশ হয় নাইবা উহাতে কোন পুজা বা বর্গাদার বিলি নাই। উহা সম্পুর্ণ নির্দায় নির্দোষ ও খাস অবস্থায় আমার দখলে থাকা কালীন আপনাকে বিক্রয় করিলাম। আমি এতদ্বারা আরও স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে উপরোক্ত উক্তি সকল বা তনমধ্যে কোনও একটি উক্তি মিথ্যা বা - তঞ্চকী বলিয়া প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ত্ব দখলে কোনওরূপ বিঘ্ন উপস্থিত - হইলে আমি মাফিক আইনামলে আসিব এবং পনের সমুদয় টাকা মায় সুদ - আপনাকে ফেরত দিতে ও আপনার যাবতীয় ক্ষতিপূরণ করিতে বাধ্য রহিলাম। - অত্র দলিলেকোনওরূপ ভুলচুক থাকা প্রকাশ পাইলে আপনার নিকট হইতে আরও কোনও পন না লইয়া আপনার খরচায় সংশোধন দলিল সহি সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম। -

অত্র দলিলেরপোষকার্থে আমার নামীয় উক্ত ২দুইটি বিক্রয়কোবালা ও উপরোক্তএকটি ইনডেমনিটি বণ্ড ও মৌজা কসবা গ্রামের ৪৩০নং ডিস্ট্রিক্ট - সেটেলমেন্টের খতিয়ান নং ও পশ্চিম বঙ্গ সরকারকে খাজনা আদায়ী দাখিলা আপনাকে অর্পণ করিলাম। -

এতদর্থে সুস্থ শরীরে সবল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম ও ফলাফল রীতিমত অবগত হইয়া পনের সমুদয় টাকা নিম্নের জায়মত আপনার নিকট হইতে নগদ গ্রহণে আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয়কোবালা সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা সন ১৩৮০সালের ২রা শ্রাবণ – মোতাবেক ইংরাজি ১৯৭৩সালের – ১৮ই জুলাই –

ওপশীল বিক্রীত সম্পত্তির বিবরণ ও চৌহদ্দি –

---

জেলা ২৪ পরগণা, থানা সাবেক টালিগঞ্জ হাল যাদবপুরের এলেকাধিন – সাবরেজেষ্ট্রী আলিপুরের অন্তর্গত কসবা ঢাকুরিয়া অঞ্চল পঞ্চায়েতের এলেকাভুক্ত – জেঃএলঃনং ১৩, মৌজা কসবা গ্রামে ১৪৫নং তৌজি ভুক্ত হাল মালেক পশ্চিম বঙ্গ সরকার পক্ষে জেলা ২৪পরগণার কালেকটারের অধিনে রায়ত স্থিতিবান স্বত্বের – ৪৩০নং খতিয়ানের অন্তর্গত ৪৩ শতক জমির কাত বার্ষিক খাজনা ৩_ তিন টাকা – জমি জমারমধ্যে ৪০০২ নং দাগের ৪৩ শতক মধ্যে এতদ সংলগ্ন নকসায় লাল রেখার দ্বারা সীমাবদ্ধ ও বেষ্টিত ।।৩,২ তের কাঠা দুই স্কোয়ার ফিট খালি জমি। ইহার হারাহারি বার্ষিক খাজনা ১.২৫ পয়সা টাকা হইতেছে। ইহার চৌহদ্দি ঃ,–

উত্তর – ৩৭২৬নংদাগের জমি বর্ত্তমানে মালেক কেশবচন্দ্র পাল দিং–
পূর্ব্ব– অত্র দাগের বক্রী অংশ–
দক্ষিণ– অঞ্চল পঞ্চায়েতের সাধারনের চলাচলের পথ –
পশ্চিম– অত্র দাগের ৬ ফুট প্রশস্থ প্যাসেজ।
কোন সরিক নাই। –

জমার তপশীল টাকা -

---

অদ্য তারিখে নগদ -

১০০_ একশত টাকা নোট হিসাবে ৯০ নব্বই কেতায় মোট ৯০০০_ টাকা -

মবলগে নয় হাজার টাকামাত্র ।

নীলরতন সেন

সাক্ষি -

---

১। শ্রীনির্মলচন্দ্র শীল
২৯/২এ, [illegible] লেন, কলিকাতা - ৭০০০০৫।

২। [illegible]
[illegible]

3/ Anup Kumar Sildar.
Suite No: A-22, 30 Madan Chatterjee Lane.
Calcutta-7.

টাইপকারক
[illegible signature]
আলিপুর জজকোর্ট।

# CONVEYANCE PLAN OF

## A PART OF C.S. DAG NO-4002 IN MOUZA KASBA J.L. NO. 13,

## KHATIAN NO-430, TOUZI NO-145, P.S. JADAVPUR. DIST - 24 PAGNS.

SCALE :- 20' 0" = 1" INCH.

REF :-

LAND TO BE SOLD SHOWN THUS.
AREA - 13KT - OCH - 2SFT.


PURCHASER.

SMT. MINERVA BISWAS W/O. SRI NANI GOPAL BISWAS. SUIT NO. A/19, C.I.T. BUILDINGS, 30, MADAN CHATTERJEE LANE, CAL-7.

VENDOR.

SRI NIL RATAN SEN. 108N, MONOHAR PUKUR ROAD, CALCUTTA.

SIGNATURE OF VENDOR.




DRAWN BY
MANI DEB.
DRAFTSMAN.
22-6-73.